# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর ইলম ও মর্যাদা বিবেচনায় এটা হতে পারে না যে, তিনি উল্লেখিত জায়গাগুলোতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রফ‘উল ইয়াদাইন করতে দেখবেন না, যেহেতু তিনি বিজ্ঞ ব্যক্তি ছিলেন- তার এই কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن عَبْدَ اللَّهِ بْنَ مَسْعُودٍ غَيْرُ جَائِزٍ فِي فَضْلِهِ وَعِلْمِهِ أَنْ لَا يَرَى الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْفَعُ يَدَيْهِ فِي الْمَوْضِعِ الَّذِي وَصَفْنَا إِذْ كَانَ مِنْ أُولِي الْأَحْلَامِ وَالنُّهَى رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ

---

আরবী

1871 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ قَالَ: دَخَلْتُ أَنَا وَعَلْقَمَةُ عَلَى ابْنِ مَسْعُودٍ فَقَالَ لَنَا: أَصَلَّى هَؤُلَاءِ؟ فَقُلْنَا: لَا قَالَ: فَقُومُوا فَصَلُّوا فَذَهَبْنَا لِنَقُومَ خَلْفَهُ فَجَعَلَ أَحَدَنَا عَنْ يَمِينِهِ وَالْآخَرَ عَنْ شِمَالِهِ فَصَلَّى بِغَيْرِ أَذَانٍ وَلَا إِقَامَةٍ فَجَعَلَ إِذَا رَكَعَ شَبَّكَ بَيْنَ أَصَابِعِهِ فِي الصَّلَاةِ فَجَعَلَهَا بَيْنَ رُكْبَتَيْهِ فَلَمَّا صَلَّى قَالَ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يصلي وَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّهَا سَتَكُونُ عَلَيْكُمْ أُمَرَاءُ يُميتون الصَّلَاةَ يَخْنُقُونَهَا إِلَى شَرَقِ الْمَوْتَى فمن أدراك ذَلِكَ مِنْكُمْ فَلْيُصلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا وَلْيَجْعَلْ صَلَاتَهُ معهم سبحة)

الراوي : الْأَسْوَد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1871 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (626)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: كَانَ ابْنُ مَسْعُودٍ رَحِمَهُ اللَّهُ مِمَّنْ يُشَبِّكُ يَدَيْهِ فِي الرُّكُوعِ وَزَعَمَ أَنَّهُ كَذَلِكَ رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم يفعله وأجمع المسلون قَاطِبَةً مِنْ لَدُن الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى يَوْمِنَا هَذَا عَلَى أَنَّ الْفِعْلَ كَانَ فِي أَوَّلِ الْإِسْلَامِ ثُمَّ

نَسخَهُ الْأَمْرُ بِوَضْعِ الْيَدَيْنِ لِلْمُصَلِّي فِي رُكُوعِهِ فَإِنْ جَازَ لِابْنِ مَسْعُودٍ فِي فَضْلِهِ وَوَرَعِهِ وَكَثْرَةِ تَعَاهُدِهِ أَحْكَامَ الدِّينِ وتفقُّده أَسْبَابَ الصَّلَاةِ خَلْفَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي الصَّفِّ الْأَوَّلِ إِذْ كَانَ مِنْ أُولِي الْأَحْلَامِ وَالنُّهَى أَنْ يَخْفَى عَلَيْهِ مِثْلُ هَذَا الشَّيْءِ الْمُسْتَفِيضِ الَّذِي هُوَ مَنْسُوخٌ بِإِجْمَاعِ الْمُسْلِمِينَ أَوْ رَآهُ فَنَسِيَهُ جَازَ أَنْ يَكُونَ رَفْعُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَيْهِ عِنْدَ الرُّكُوعِ وَعِنْدَ رَفْعِ الرَّأْسِ مِنَ الرُّكُوعِ مِثْلَ التَّشْبِيكِ فِي الرُّكُوعِ أَنْ يَخْفَى عَلَيْهِ ذَلِكَ أَوْ يَنْسَاهُ بَعْدَ أَنْ رَآهُ.

বাংলা

**১৮৭১.** আসওয়াদ রহিমাহুল্লাহ বলেন, “আমি এবং আলকামাহ আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে গেলাম। অতঃপর আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের ব্যাপারে বলেন, “এরা কি সালাত করেছে?” আমরা বললাম, “জ্বী না।” তিনি আমাদের বলেন, “আপনারা উঠুন এবং সালাত আদায় করে নিন।” রাবী বলেন, অতঃপর আমরা তাঁর পিছনে দাঁড়ানোর জন্য উদ্যত হলাম। কিন্তু তিনি আমাদের  একজনকে তার ডানে রাখলেন, আর অপরজনকে তার বামে রাখলেন। “ অতঃপর তিনি আযান ও ইকামত ছাড়াই সালাত আদায় করলেন। অতঃপর যখনই তিনি রুকূ‘ করেন, তখনই তিনি তার দুই হাতের আঙ্গুলগুলোকে পরস্পরের মাঝে ঢুকিয়ে দেন এবং তা তার দুই হাঁটুর মাঝে স্থাপন করেন। এভাবে যখন তিনি সালাত সম্পন্ন করেন, তখন তিনি বলেন, “এভাবেই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাত আদায় করতে দেখেছি এবং তিনি বলেছেন, “হে লোকসকল, অচিরেই এমন কিছু শাসকের আবির্ভাব হবে, যারা সালাতকে নষ্ট করে দিবে, তারা সালাতকে শ্বাসরোধ করে মৃত্যুর উপকণ্ঠে নিয়ে যাবে। কাজেই তোমাদের কেউ এমন অবস্থা পেলে, সে যেন সালাত যথা সময়ে আদায় করে নেয় এবং তাদের সাথে তার সালাতকে নফল বানিয়ে নেয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু তাদের একজন যারা রুকূ‘তে তাশবীক (দুই হাতের আঙ্গুলসমূহকে পরস্পরের মাঝে ঢুকিয়ে দুই হাঁটুর মাঝে স্থাপন) করতেন এবং তিনি মনে করতেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরুপ করতে দেখেছেন। অথচ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জামানা থেকে অদ্যবধি সমস্ত মুসলিম একমত যে, উক্ত আমল ইসলামের প্রথম যুগে ছিল, তারপর সেটি রহিত করে মুসল্লী ব্যক্তিকে রুকূ‘তে দুই হাত স্থাপন করার নির্দেশ দেওয়া হয়। আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর প্রভুত মর্যাদা, আল্লাহভীরুতা, দ্বীনের বিধি-বিধানের ব্যাপারে তাঁর প্রচুর গুরুত্বারোপ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে প্রথম কাতারে থেকে সালাতের বিভিন্ন উপকরণ সম্পর্কে তার খোঁজ-খবর অনুসন্ধান করা উপরন্তু তার বিজ্ঞতা সত্ত্বেও তার কাছে গোপন ছিল এমন একটি বিষয় যা সাহাবীদের মাঝে সুপ্রশিদ্ধ ছিল এবং মুসলিমের সর্বসম্মত মতে তা রহিত ছিল অথবা আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রুকূ‘তে দুই হাত স্থাপন করতে দেখেছেন, কিন্তু

পরবর্তীতে তিনি সেটা ভুলে যান। কাজেই এই ব্যাপারে যখন এমনটা হতে পারে তাহলে তার ক্ষেত্রে এটাও হতে পারে যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রুকূ‘তে যাওয়া, রুকূ‘ থেকে উঠার সময় রফ‘উল ইয়াদাইন করতে দেখেছেন কিন্তু পরবর্তীতে তিনি ভুলে যান অথবা বিষয়টি তার কাছে গোপন ছিল, যেমনটা ঘটেছে তাশবীকের ক্ষেত্রে।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮১; সহীহ মুসলিম: ৫৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭৮৭; ইবনু হাযম, আল মুহাল্লা: ৩/৪-৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91087

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন